

## স্টেপ প্রকল্পের অর্ধ-বার্ষিক সিয়ারিং কমিটির সভা

গত ২০ আগস্ট ২০১৭ তারিখে শিক্ষা মন্ত্রণালয় পরিচালিত STEP (Skills and Training Enhancement Project) প্রকল্পের অংশীদার হিসাবে 11<sup>th</sup> Implementation Support Mission Team (11<sup>th</sup> ISM)-এর কমিটির সভাটি মন্ত্রণালয়ের সভাকক্ষে ভারপ্রাপ্ত সচিব ড. নমিতা হালদার এনডিসি এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। এ সভায় উপস্থিত ছিলেন ওয়ার্ল্ড ব্যাংক টীমের সদস্য, মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট কর্মকর্তাগণ, বিএমইটির মহাপরিচালক এবং স্টেপ প্রকল্পের পিডিসহ সংশ্লিষ্ট ব্যক্তিবর্গ। সভায় স্টেপ প্রকল্প এ মন্ত্রণালয়ের অধীনস্থ ৩৯টি টিটিসিতে প্রশিক্ষকদের প্রশিক্ষণ সহ উপকরণ, যন্ত্রপাতি এবং প্রশিক্ষার্থীদের আর্থিক প্রনোদনা প্রদান করছে মর্মে জানানো হয়। মধ্য প্রাচ্যের দেশসমূহে ড্রাইভার এবং অন্যান্য উন্নত দেশে বয়স্কদের জন্য কেয়ার গিভারের চাহিদা বৃদ্ধি পাচ্ছে বিধায় সকল টিটিসিতে ড্রাইভিং প্রশিক্ষণ এবং কেয়ার গিভার প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করার জন্য স্টেপ প্রকল্পকে অনুরোধ করা হয়। ওয়ার্ল্ড ব্যাংক এবং স্টেপ প্রকল্পের পক্ষ থেকে বিষয়গুলো পরীক্ষা-নীরিক্ষা করা হবে মর্মে সভাকে অবহিত করা হয়।

সর্বশেষে সচিব স্টেপ প্রকল্পকে ধন্যবাদ জানান এবং ভবিষ্যতে দৃশ্যমান ফলদায়ক প্রকল্প গ্রহণের বিষয়টি বিবেচনায় নেয়ার অনুরোধ করেন।